



দ্রোগবার বিরুদ্ধে ম্যাচে ধোনি!

দিল্লি, ১২ জুন— দ্রোগবার বিরুদ্ধে মহেন্দ্র সিং ধোনি! হ্যাঁ এমনই ঘটতে চলেছে ১৭ জুন, দিল্লিতে। একটি ঠান্ডা পানীয় প্রস্তুতকারক সংস্থা আয়োজিত ফুটবল প্রতিযোগিতায়। তাগরাজ স্টেডিয়ামে প্রদর্শনী ম্যাচে দ্রোগবার দলের নেতৃত্বে বলিউড তারকা রণবীর কাপুর। খেলার পাশাপাশি দলের কোচও দ্রোগবা। বিপক্ষ দলের নেতৃত্বে মহেন্দ্র সিং ধোনি। সতীর্থ কোহলি, রায়না, হরভজন, মুরলি বিজয়রা থাকছেন এখানেও ভারত অধিনায়কের দলে। আর ধোনির দলের কোচ হিসেবে থাকছেন বাহিচুং ভুটিয়া। প্রদর্শনী ম্যাচের আগে হবে টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ।